

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৫.১৯-০৯

তারিখ: ১৯ পৌষ ১৪৩০
০৩ জানুয়ারি ২০২৪


বিষয়: পিরোজপুর জেলার মঠবাড়িয়া পৌরসভার হিসাবরক্ষণ কর্মকর্তা (অবঃ) মোঃ হাবিবুর রহমান এর অনুকূলে বকেয়া বেতন-ভাতা এবং আনুতোষিক প্রদান।

সূত্র : মোঃ হাবিবুর রহমান, হিসাবরক্ষণ কর্মকর্তা (অবঃ), মঠবাড়িয়া পৌরসভা, পিরোজপুর এর আবেদন; তারিখ: ০৭/১১/২০২৩

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার মঠবাড়িয়া পৌরসভার হিসাবরক্ষণ কর্মকর্তা (অবঃ) মোঃ হাবিবুর রহমান স্থানীয় সরকার বিভাগ বরাবর দাখিলকৃত আবেদনে উল্লেখ করেছেন, তিনি গত ০২ জানুয়ারি ২০২৩ খ্রি: তারিখে অবসরোত্তর ছুটি (পিআরএল) গমন করেন। কিন্তু উক্ত পৌরসভা হতে তাঁর ১৬ (ষোল) মাসের বকেয়া বেতন-ভাতা এবং আনুতোষিক প্রদান করা হয়নি।

২। এমতাবস্থায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৯১(৪) অনুযায়ী উক্ত কর্মকর্তার অনুকূলে বকেয়া বেতন-ভাতা ও আনুতোষিক বাবদ পাওনাদি দ্রুত পরিশোধপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: সূত্রস্থ আবেদনের ছায়ািলিপি।


০৬/০২/২০২৪

মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

প্রশাসক
মঠবাড়িয়া পৌরসভা
পিরোজপুর

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মোঃ হাবিবুর রহমান, হিসাবরক্ষণ কর্মকর্তা (অবঃ), মঠবাড়িয়া পৌরসভা, পিরোজপুর